গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাজীপুর
www.dwa.gazipur.gov.bd

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

স্মারক নম্বর: ৩২.০১.৩৩০০.০০০.১৬.১৬৯.২২.৮৭৪

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯
১০ নভেম্বর ২০২২

বিষয়: **২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন অনলাইনে মাইগভ প্লাটফর্ম ও ভিডব্লিউবি এমআইএস এর মাধ্যমে গ্রহণ প্রসংগে**

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর স্মারক নং-০৫.৪১.৩৩০০.০২৫.০৫.০০১.২১.৩১২, তারিখ: ০৮/১১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৩-২০২৪ চক্রে ভালনারেবল ইউমেন বেনেফিট (ভিডব্লিউবি) ফূর্বের ভিজিডি অন্তর্ভূক্তির আবেদন ভিডব্লিউবি এমআইএস www.dwavwb.gov.bd এর পাশাপাশি মাইগভ www.mygov.bd প্লাটফর্মের মাধ্যমে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।
এমতবস্থায় সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-১১-২০২২
শাহানাজ আক্তার
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: 0249273162
ইমেইল: dwaogazipur18@gmail.com

বিতরণ :
১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর
২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর, গাজীপুর
৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর
৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাজীপুর
আইসিটি শাখা
www.gazipur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০২৫.০৫.০০১.২১.৩১২

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯
০৮ নভেম্বর ২০২২

বিষয়: **'২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন' অনলাইনে 'মাইগভ' প্ল্যাটফর্ম ও ভিডব্লিউবি এমআইএস এর মাধ্যমে গ্রহণ**

সূত্র: প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, মাইগভ টিম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা এর ০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৫৬.৮৩.০০০০.০০০.২৯.০০৭.২২.৭৯ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৩-২০২৪ চক্রে 'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) (পূর্বের ভিজিডি) অন্তর্ভূক্তির আবেদন ভিডব্লিউবি এমআইএস এর পাশাপাশি 'মাইগভ' www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। আগামী ০৭-২০ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত সুবিধা প্রত্যাশি অস্বচ্ছল মহিলাদের নিকট হতে ভিডব্লিউবি-তে অন্তর্ভূক্তির প্রাথমিক আবেদন অনলাইনে ভিডব্লিউবি এমআইএস এর পাশাপাশি 'মাইগভ' www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, ভিডব্লিউবি এমআইএস এর পাশাপাশি ২০২৩-২০২৪ চক্রে 'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) অন্তর্ভূক্তির আবেদন সংযুক্ত ফ্লোচার্ট অনুযায়ী 'মাইগভ' www.mygov.bd প্ল্যাটফর্মে অনলাইনে দাখিল করার পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১। পত্র ০২ (দুই) পাতা।
২। ভিডব্লিউবি-তে আাবেদনের ফ্লো চার্ট ০১ (এক) পাতা।

Rubaiya
১০-১১-২০২২
রুবাইয়া ইয়াসমিন
সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা
ফোন: ০১৭৩৭৩০৪৩৩১
ইমেইল: acictgazipur0@gmail.com

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর
২) উপপরিচালক (অ.দা.), মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর
৩) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, গাজীপুর
৪) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা ও উপজেলা কার্যালয়, গাজীপুর

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০২৫.০৫.০০১.২১.৩১২/১(৩)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯
০৮ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) অফিস কপি

Rubaiya
১০-১১-২০২২
রুবাইয়া ইয়াসমিন
সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
মাইগভ টিম
www.a2i.gov.bd
ঢাকা

**স্মারক নম্বর:** ৫৬.৮৩.০০০০.০০০.২৯.০০৭.২২.৭৯

তারিখ: ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: '২০২৩-২০২৪ ভিডাব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন' অনলাইনে মাইগভ প্ল্যাটফর্ম ও ভিডাব্লিউবি এমআইএস এর মাধ্যমে গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই প্রোগ্রামের উদ্যোগে জনগণের দোরগোড়ায় সরকারের সেবাসমূহ পৌঁছে দেয়ার লক্ষ্যে 'মাইগভ' প্ল্যাটফর্ম ব্যবহার করে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার সেবাসমূহকে ডিজিটাল সেবায় রূপান্তর এবং সেবাসমূহ কাঙ্খিতমানে পরিচালনে বিশদ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৩-২০২৪ চক্রে **'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি)** (পূর্বের ভিজিডি) অন্তর্ভূক্তির আবেদন ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **'মাইগভ'** www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২। আগামী ০৭-২০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সুবিধা প্রত্যাশি অস্বচ্ছল মহিলাদের নিকট হতে ভিডব্লিউবি-তে অন্তর্ভূক্তির প্রাথমিক আবেদন অনলাইনে ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **' মাইগভ'** www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণ করা হবে। উক্ত সেবার আবেদনকারী নিজে অথবা **ইউডিসি উদ্যোক্তা, জাতীয় হেল্পলাইন-৩৩৩, তথ্য আপা** কিংবা **কম্পিউটার পরিসেবা প্রদানকারীর** সহায়তায় আবেদন করতে পারবেন। আবেদন ফর্ম পূরণের সুবিধার্থে **ইউডিসি উদ্যোক্তাগণ** এবং **কম্পিউটার পরিসেবা প্রদানকারী উদ্যোক্তার** জন্য মাইগভ ব্যবহার বিষয়ক নির্দেশনা সম্বলিত **আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল (ভিডিও শিরোনামঃ ২০২৩-২০২৪ ডব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন, ভিডিও লিংকঃ** https://www.youtube.com/watch?v=WK8Q5bAWq_8) এবং **ফ্লো-চার্ট** সংযুক্ত করা হলো। উল্লেখ্য ভিডাব্লিউবি এমআইএস এর নির্দেশিকা ইতোমধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **২০২৩-২০২৪ চক্রে ভিডাব্লিউবি অন্তর্ভূক্তির আবেদন 'মাইগভ'** প্ল্যাটফর্মে অনলাইনে দাখিল করার সুবিধার্থে ইউডিসি উদ্যোক্তাগণ এবং কম্পিউটার পরিসেবা প্রদানকারীদের **ভিডিও টিউটোরিয়াল** ও **ফ্লোচার্ট** অনুযায়ী মাইগভ এর মাধ্যমে আবেদন দাখিলের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭-১১-২০২২
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
০১৭১৫৬১৬৬৪৯
dewanmhk@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর:** ৫৬.৮৩.০০০০.০০০.২৯.০০৭.২২.৭৯ /১ (৮)

তারিখ: ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৩। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৪। সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর;
৬। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য আপা, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ বেইলী রোড, ঢাকা।;
৭। বিভাগীয় কমিশনার (সকল) এবং
৮। জেলা প্রশাসক সকল।

০৭-১১-২০২২
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

# মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে
# ‘২০২৩-২০২৪ চক্রে ভিডাব্লিউবি অন্তর্ভূক্তি আবেদন’ এর প্রক্রিয়া

| ধাপ | কার্যক্রম |
|---|---|
| ১ | www.mygov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন |
| ২ | মাইগভ হোমপেইজে **‘রেজিস্ট্রেশন’** বাটনে ক্লিক করুন |
| ৩ | নিবন্ধনের জন্য আবেদনকারীর মোবাইল নম্বর দিয়ে সাবমিট করলে মোবাইলে এসএমএস এর মাধ্যমে **OTP (কোড)** আসবে। |
| ৪ | এরপর প্রাপ্ত **OTP (কোড)** টাইপ করে আবেদনকারীর **জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) কিংবা জন্ম নিবন্ধন নম্বর এবং জন্ম তারিখ** দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে। |
| ৫ | এ পর্যায়ে আবেদনকারীর রেজিস্ট্রেশন ও প্রোফাইল সম্পন্ন হবে |
| ৬ | www.mygov.bd হোম পেইজে **সার্চ অপশন** ব্যবহার করে **‘২০২৩-২০২৪ ভিডাব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন’** সেবাটি খুজে ক্লিক করলে **আবেদন করুন** অপশন আসবে। |
| ৭ | সেবাটি পেতে প্রয়োজনীয় কাগজপত্র, সেবা গ্রহণ পদ্ধতি এবং সময়সীমা যাচাই করে মাইগভে **‘২০২৩-২০২৪ ভিডাব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির’** আবেদন ফর্মটি আবেদনকারী নিজে কিংবা তার পক্ষে সহায়তাকারী ব্যক্তি যথাযথভাবে পূরণ করবেন। |
| ৮ | যথাযথভাবে পূরণকৃত আবেদন ফর্মটি দাখিল করতে হবে। |
| ৯ | এরপর ২০২৩-২০২৪ চক্রের ভিডাব্লিউবি এর জন্য নির্বাচিত উপকারভোগীদেরকে **মাইগভ প্রোফাইলে নোটিফিকেশন** এর মাধ্যমে অবহিত করা হবে। |
| ১০ | দাখিলকৃত আবেদনটি এরপর মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডাব্লিউবি এমআইএস এর প্যানেলে দেখা যাবে। |
| ১১ | আবেদনকারীগণ তার মাইগভ প্রোফাইলে **‘আবেদনের সর্বশেষ অবস্থা’** অপশন থেকে সেবার প্রক্রিয়ার অগ্রগতি সহজেই জেনে নিতে পারবেন। |
| ১২ | মাইগভ প্ল্যাটফর্ম সংক্রান্ত যেকোন সমস্যার ক্ষেত্রে **০৯৬৬৬৭২৭২৭৮** নম্বরে কল করে বা support@mygov.bd এ ইমেইল করে জানিয়ে সহযোগিতা পাওয়া যাবে। |